

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণী সম্পদ কমিটির সেপ্টেম্বর/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, লোহাগড়া, নড়াইল।

সভাপতি : ফারহানা ইয়াসমিন (ইতি)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
লোহাগড়া, নড়াইল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃষ্টিকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।

**১। মাছচাষে আধুনিক প্রযুক্তি এবং উত্তম মৎস্যচাষ অনুশীলন বিষয়ক প্রশিক্ষণ:** সভায় উপস্থিত উপজেলা মৎস্য অফিসার, লোহাগড়া, নড়াইল জানান যে, প্রাকৃতিক মৎস্য আধুনিক প্রযুক্তিতে চাষীদের উত্তম মৎস্য চাষ খুবই লাভজনক। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উক্ত প্রশিক্ষণ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইলকে সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।

**১। এন্টিবায়োটিক রেসিডিউমুক্ত নিরাপদ দুধ, ডিম, মাংস উৎপাদনের লক্ষ্যে খামার ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ:** সভায় উপস্থিত উপজেলা প্রাণিসম্পদ অফিসার, লোহাগড়া, নড়াইল জানান যে, তার দপ্তরের মাধ্যমে উপজেলার মানুষের নিরাপদ প্রোটিন সরবরাহের নিমিত্তে খামারীদের দক্ষতা উন্নয়নের জন্য এন্টিবায়োটিক রেসিডিউমুক্ত নিরাপদ দুধ, ডিম, মাংস উৎপাদনের লক্ষ্যে খামার ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ করা দরকার। এ অবস্থায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় উক্ত প্রশিক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইলকে সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।

**৩। গবাদি প্রাণির প্রাথমিক চিকিৎসা ও ভ্যাকসিন প্রয়োগ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ :** সভায় উপস্থিত উপজেলা প্রাণিসম্পদ অফিসার, লোহাগড়া, নড়াইল জানান যে, তার দপ্তরের মাধ্যমে উপজেলার গবাদি পশু ও হাস-মুরগীর রোগ-বলাই দমনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা দরকার। এ অবস্থায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উক্ত প্রশিক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**ফারহানা**

(ফারহানা ইয়াসমিন (ইতি))

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-৩৩.০২.৬৫৫২.৫০১.২১.০০১.২০.৯৬/১(২)

তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
- ০২। জনাব .....।



(মো: দীন ইসলাম)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি

ও

উপজেলা মৎস্য অফিসার

লোহাগড়া, নড়াইল।

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
লোহাগড়া, নড়াইল।

## নোটিশ

স্মারক নং- ৯৫-----

তারিখঃ ০৩/০৯/২০২১ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লোহাগড়া, নড়াইল উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি-এর সেপ্টেম্বর/২০২১ মাসের সভা আগামী ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখ সময়ঃ সকাল ১২.৩০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, লোহাগড়া, নড়াইল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে আপনার উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জনাব,

-----  
লোহাগড়া, নড়াইল

  
(মো: দিল ইসলাম)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি

ও

উপজেলা মৎস্য অফিসার

লোহাগড়া, নড়াইল।

লোহাগড়া উপজেলা পরিষদ প্রাণি ও মৎস্য সম্পদ কমিটির সেপ্টেম্বর ২০২১ মাসের সভার

উপস্থিতি

<u>ক্রম নং</u>	<u>পদবী</u>	<u>স্বাক্ষর</u>
<u>০১</u>	<u>মহিলা ভাইস চেয়ারম্যান, লোহাগড়া, নড়াইল</u>	<u>স্বাক্ষরিত</u>
<u>০২</u>	<u>চেয়ারম্যান, লাহড়িয়া ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল</u>	<u>স্বাক্ষরিত</u>
<u>০৩</u>	<u>চেয়ারম্যান, নোয়াগ্রাম ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল</u>	<u>স্বাক্ষরিত</u>
<u>০৪</u>	<u>চেয়ারম্যান, দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল</u>	<u>স্বাক্ষরিত</u>
<u>০৫</u>	<u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল</u>	<u>স্বাক্ষরিত</u>